

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬৭৯

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ লাইলাতুল কদর প্রত্যেক বছর শেষ দশকের রাতগুলোতে স্থানান্তরিত হয়; সব বছরে এটি একই রাতে হয় না মর্মে হাদীস

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ لَيْلَةَ الْقَدْرِ تَنْتَقِلُ فِي الْعَشْرِ الْأَوَاخِرِ فِي كُلِّ سَنَةٍ دُونَ أَنْ يَكُونَ كَوْنُهَا فِي السِّنِينَ كُلِّهَا فِي لَيْلَةٍ وَاحِدَةٍ

আরবী

3679 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ أَبِي بَكْرٍ الْمُقَدَّمِيُّ قَالَ: حَدَّثَنَا الْجُرَيْرِيِّ عَنْ أَبِي نَضْرَةَ عَنْ أَبِي سَعِيدٍ قَالَ: زُريْعٍ وَبِشِرُ بْنُ الْمُفَضَلِ قَالَا: حَدَّثَنَا الْجُرَيْرِيِّ عَنْ أَبِي نَضْرَةَ عَنْ أَبِي سَعِيدٍ قَالَ: اعْتَكَفَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم الْعَشْرَ الْأَوْسَطَ مِنْ رَمَضَانَ وَهُو يَلْتَمِسُ لَيْلَةَ الْقَدْرِ فَلَمَّا انْقَضَى أَمْرَ بِالْبِنَاءِ فَنُقِضَ فَأْبِينت لَهُ أَنَّهَا فِي الْعَشْرِ الْأَوَاخِرِ مِنْ رَمَضَانَ فَخَرَجَ إِلَى النَّاسِ فَقَالَ: (أَيُّهَا النَّاسُ إِنِّي قَدْ أُبِينت لِي لَيْلَةُ الْقَدْرِ فَخَرَجْتُ أُحَدَّثُكُمْ بِهَا فَحَاءَ رَجُلَانِ يَخْتَصِمَانِ وَمَعَهُمَا الشَّيْطَانُ فَنُسِيتُهَا فالتَمِسُوها في السابعة والتمسوها في الخامسة)

الراوي : أَبُو سَعِيدٍ الْخُدْرِيّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3679 | خلاصة حكم المحدث: صحيح _ ((صحيح أبي داود)) (1252): م.

বাংলা

৩৬৭৯. আবৃ সাঈদ খুদরী রাদ্বিয়াল্লাভ্ আনভ্ থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাভ্ আলাইহি ওয়া সাল্লাম রমযানের মধ্যম দশকে ই'তিকাফ করেন। এসময় তিনি লাইলাতুল কদর তালাশ করছিলেন। যখন (ই'তিকাফের ১০ দিন) সময় শেষ হয়ে যায়, তখন তাঁর নির্দেশ তাবৃ ভেঙ্গে ফেলা হয়। অতঃপর তাঁর কাছে এটা স্পষ্ট করা হয় যে, সেটি রমযানের শেষ দশকে। অতঃপর তিনি লোকদের উদ্দেশ্যে বের হন এবং বলেন, "হে লোকসকল, নিশ্চয়ই আমার কাছে লাইলাতুল কদর স্পষ্ট করা হয়েছে। এজন্য আমি তোমাদেরকে সে সম্পর্কে বলার জন্য বের



হয়েছি। অতঃপর দুইজন ব্যক্তি বিবাদ নিয়ে আসে আর তাদের দুইজনের সাথে শয়তান ছিল। তারপর সেটা আমাকে ভুলিয়ে দেওয়া হয়। কাজেই তোমরা এটা তালাশ করো সপ্তম রাতে এবং তোমরা এটা তালাশ করো পঞ্চম রাতে।"[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ২১৭৬; আবূ ইয়ালা: ১০৭৬; মুসনাদ আহমাদ: ৩/১০; আত তায়ালিসী: ২১৬৬; আবূ দাউদ: ১৩৭৩; সুনান বাইহাকী: ৪/৩০৮; মুসান্নাফ আব্দুর রায্যাক: ৭৬৮৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১২৫২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন